

## গাছেদের গ্রামে গ্রামে

রবীন্দ্র বিশ্বাস

গাছেদের গ্রামে গ্রামে ধোঁয়া ধোঁয়া উপকথা জন্ম নেয় রোজ

তপস্বীর সাধনায় পুঁথিপথে জেগে ওঠে শ্লোক  
আবির্ভূত হন দেবী  
ছোঁয়া লাগলে ফুল ফোটে রঙ ধরে পাখির শরীরে  
বাঘের পেশিতে ওঠে নাচ সাপের ফণায় পড়ে শ্রীকৃষ্ণের পা  
কাঠবেড়ালির গায়ে প্রভুর আদর

বহুদিন আগে যারা চলে গেছে এ পৃথিবী ছেড়ে  
তারা সব দেখতে আসে  
কোন কীর্তি রেখে যাচ্ছে ছেলে মেয়ে নাতি  
কোন ছন্দ বদলাচ্ছে জঙ্গলমঞ্জল

অগ্নিদেবের সঙ্গে কারা কারা এসেছিল জঙ্গল পোড়াতে অরুচি

মেটাতে

পাতা আর শিকড়ে স্বাদে পশু ও পাখির মাংসে  
পিপড়ে ও বিছেদের হুলে

মানুষের ছদ্মবেশে এখন কি পুরনো দেবতা  
প্রমোদ উদ্যান করবে জঙ্গল সরিয়ে

শক্তিমান বুদ্ধিমান রংচঙে সভ্যতার প্রজা  
গাছের সাম্রাজ্য থেকে  
মানুষের জন্য বহু শহরের পত্তনি নিয়েছে